

দেশের সরকারী ও  
বেসরকারী শিক্ষা  
প্রতিষ্ঠানের বৈষম্য  
দূর করার আহ্বান

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ শিক্ষক সর্ভাঙ্গর (জয়-  
নন্দ গল্প) সভাপতি জনাব আবদুল  
মুন্সি বাংলাদেশ সরকারী ও বেসর-  
কারী শিক্ষা প্রতিষ্ঠানের বৈষম্য  
দূরীকরণে বাস্তব পদক্ষেপ নিয়ে  
এগিয়ে আসার জন্য সংশ্লিষ্ট মহলের  
প্রতি আহ্বান জ্ঞানিয়েছেন।

গতকাল জাতীয় প্রেস ক্লাবে  
অয়োজিত এক সাংবাদিক সম্মেলনে  
জনাব মাসুদ এই আহ্বান জানান।  
তিনি বলেন, দেশের ১৪ বছর বয়স্ক  
পর্বন্ত ছেলেমেয়েদের অবৈতনিক ও  
স্বাধীনমূলক শিক্ষা ব্যবস্থা প্রবর্তন  
করা উচিত। গরম ও অসুস্থদের  
এক কার্য শিক্ষার প্রসার ঘটানোর  
পদক্ষেপ নেয়া একান্ত দরকার।

জনাব আবদুল মাসুদ এই  
সাংবাদিক সম্মেলনে বিজ্ঞান, কারি-  
গরি, কৃষি ও শিল্প শিক্ষার উন্ন-  
য়ন, সুস্বাস্থ্য ও বয়স্ক শিক্ষার  
প্রসার, শিক্ষকদের মর্যাদা ও বেতন-  
বৃদ্ধি এবং সমগ্র দেশের জন্য একটি  
অভিন্ন শিক্ষা কঠামো সৃষ্টির জন্য  
সরকারের প্রতি আহ্বান জানিয়ে  
ছেন।